বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.krishibank.org.bd

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর জন্য নিম্নবর্ণিত শর্তাবলীতে মহাব্যবস্থাপক পদমর্যাদায় চুক্তিভিত্তিক আইসিটি উপদেষ্টা বা ICT Consultant (সার্বক্ষণিক) নিয়োগের নিমিত্তে বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| পদবী | বয়স | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | বেতন ভাতাদি (কনসোলিডেটেড) | চুক্তির সময়কাল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| আইসিটি উপদেষ্টা বা ICT Consultant (১ জন) | ৪০-৫৫ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/প্রকৌশল, পদার্থ বিজ্ঞান/ফলিত পদার্থ বিজ্ঞান / ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (EEE)- এ ন্যূনতম স্নাতক ডিগ্রীধারী অথবা স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে।<br>অনুমোদিত/নিবন্ধিত কোন কম্পিউটার সোসাইটির সদস্য/সহযোগী সদস্য হতে হবে। | তথ্য প্রযুক্তি খাতে কমপক্ষে ১২(বার) বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ব্যাংকিং-আইটি সম্পর্কিত কাজ যথাঃ আইটি স্ট্রাটেজি এবং প্লান অব এ্যাকশন প্রণয়ন, Core Banking Solution (CBS), Computerization, আইটি পলিসি এন্ড প্ল্যানিং, ফিন্যান্সিয়াল নেটওয়ার্ক এন্ড অ্যাপলিকেশন, ফিন্যান্সিয়াল ইনফরমেশন সিস্টেমস, সাইবার টেকনোলজি, পেমেন্ট টেকনোলজি ইত্যাদি কাজের অভিজ্ঞতা থাকতে হবে। | ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা। | চুক্তির সময়কাল ২(দুই) বছর। তবে সন্তোষজনক সার্ভিস পাওয়া সাপেক্ষে নবায়নযোগ্য। | অন্যান্য সুবিধাদি আলোচনা সাপেক্ষে প্রদান করা যেতে পারে। |

২.০ আইসিটি উপদেষ্টা বা ICT Consultant পদে নিয়োগের ক্ষেত্রে দেশের বাইরে আইসিটি সেক্টরে কাজ করেছেন এবং পিপিআর-২০০৮ ও ই-জিপি (e-Government Procurement) সম্পর্কে জ্ঞান ও দক্ষতা সম্পন্ন ব্যক্তিদের অগ্রাধিকার দেয়াসহ তাদের নিম্নবর্ণিত যোগ্যতা ও উপযুক্ততা থাকতে হবে ঃ

(ক) চারিত্রিক সংহতিঃ

(i) সংশ্লিষ্ট ব্যক্তি কোন ফৌজদারী আদালত কর্তৃক কখনো দন্ডিত হননি।

(ii) তিনি কোন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের কোন বিধিমালা, প্রবিধান বা নিয়মাচার কিংবা আইনের কোন বিধান লঙ্ঘনজনিত কারণে কখনো দন্ডিত হননি।

(iii) তিনি অর্থ আত্মসাৎ, দুর্নীতি, জাল-জালিয়াতি ও নৈতিক স্খলনজনিত কারণে চাকুরী হতে বরখাস্ত হননি।

(খ) চাকুরীর রেকর্ডঃ

(i) চাকুরীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি উন্নত রেকর্ডের অধিকারী।

(ii) তিনি ব্যাংকিং কিংবা স্বীয় পেশায় দায়িত্ব পালনকালে কোনরূপ অবৈধ কর্মকান্ডে জড়িত ছিলেন না।

(গ) স্বচ্ছলতা ও আর্থিক সংহতিঃ

(i) সংশ্লিষ্ট ব্যক্তি কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে ঋণ খেলাপি নন।

(ii) তিনি কোন সময় আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হননি।

(ঘ) স্বার্থের দ্বন্দ্বঃ

(i) সংশ্লিষ্ট ব্যাংকের সাথে তাঁর ব্যবসায়িক কোন স্বার্থ জড়িত নেই।

(ii) তিনি নিজস্ব যোগ্যতায় বা অন্য কোন প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসেবে অন্য কোন ব্যবসা প্রতিষ্ঠানের পরিচালক বা অন্য কোন পক্ষে অধিষ্ঠিত নন।

(ঙ) কারিগরি ও ব্যাংকিং জ্ঞানঃ

(i) বিভিন্ন অপারেটিং সিস্টেম (UNIX, Linux & Windows ) পরিচালনার ক্ষেত্রে বাস্তব ও কারিগরি জ্ঞান থাকতে হবে;

(ii) MS SQL Server, Oracle Database & Information Security সম্পর্কে বাস্তব ও কারিগরি জ্ঞান থাকতে হবে;

(iii) Network System, Hardware, Web and Mobile Application, SAN Storage System, Tape Library, পরিকল্পনা, নকশা এবং রক্ষণাবেক্ষণের বাস্তব ও কারিগরি জ্ঞান থাকতে হবে;

(iv) যে কোন ব্যাংকের Core Banking Solution (CBS) তদারকিকরণে বাস্তব ও কারিগরি জ্ঞান থাকতে হবে;

(v) ব্যাংকিং সিস্টেম যেমন জেনারেল ব্যাংকিং, লোন/এ্যাডভান্স, রেমিটেন্স সিস্টেম, ফরেন ট্রেডিং, আন্তঃশাখা হিসাব সমন্বয়, ট্রেজারী ও পেমেন্ট সিস্টেম ইত্যাদির সাথে আইসিটি এর সমন্বয় বিষয়ক বাস্তব ধারনা থাকতে হবে;

(vi) ব্যাংকিং জ্ঞানকে প্রযুক্তিগত জ্ঞানে রূপান্তরের ব্যবহারিক ও বাস্তব দক্ষতা থাকতে হবে;

(vii) ব্যাংকিং ব্যবসার প্রয়োজনীয়তা অনুযায়ী দৈনন্দিন ব্যবস্থাপনার আলোকে System Design and Development এর অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে;

(viii) ব্যবসা বান্ধব এবং ইউজার-বান্ধব ব্যবসায়িক ধারণা উপস্থাপনের দক্ষতা থাকতে হবে।

৩.০ তাছাড়াও আগামী ২০১৯ এর মধ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখাকে কম্পিউটারাইজেশনের আওতায় আনয়ন এবং উক্ত ধারাবাহিকতায় শাখাগুলোতে অনলাইন ব্যাংকিং কার্যক্রম প্রবর্তনের লক্ষ্যে গৃহীতব্য কর্মপরিকল্পনা সঠিকভাবে মনিটরিং এবং বাস্তবায়নকল্পে গৃহীত কর্মপরিকল্পনা ব্যাপক বিধায় আইসিটি উপদেষ্টা বা ICT Consultant নিয়োগের জন্য বিবেচিত সম্ভাব্য প্রার্থীদের যোগ্যতা হিসেবে নিম্নবর্ণিত শর্তাদি অন্তর্ভুক্ত করতে হবেঃ

- তিনি সার্বক্ষণিকভাবে ব্যাংকের কাজে নিয়োজিত থেকে আইসিটি মহাবিভাগের দৈনন্দিন কাজকর্ম সম্পাদন করবেন এবং ব্যাংকের বিভিন্ন বিভাগ/মহাবিভাগ/বিভাগীয় কার্যালয়ের আইসিটি বিষয়ক হতে উত্থাপিত প্রশ্নে/বিষয়ে সুচিন্তিত ও যুগোপযোগী মতামত প্রদান করবেন;
- সরকারী ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের আইসিটি পলিসি অনুযায়ি ব্যাংকের স্বল্প মেয়াদি, মধ্য মেয়াদি ও দীর্ঘ মেয়াদি আইটি স্ট্রাটেজি এবং প্লান অব এ্যাকশন প্রণয়নে মতামত প্রদান এবং প্রয়োজনানুযায়ী কর্তৃপক্ষ সমীপে উপস্থাপন করবেন ;
- Core Banking Solution(CBS) এর সাথে সংশ্লিষ্ট ডেলিভারী চ্যানেলের সমন্বয় সাধনের ব্যবস্থা গ্রহণ যেমন Mobile Financial Service (MFS), ATM & Card System, RTGS, SWIFT, BACH, BEFTN, POS, National Payment Switch(NPS), Internet Banking, SMS Banking, Agent Banking ইত্যাদি বিষয়ক সমন্বয়সাধন, আধুনিকায়ন বিষয়ে সুচিন্তিত মতামত প্রদান করবেন;
- আইসিটি সিকিউরিটি নিশ্চতকরণকল্পে Data Center(DC), Disaster Recovery Site(DRS) ও অন্যান্য সার্ভার রুমের নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় হার্ডওয়্যার সরবরাহ ও সিকিউরিটি সলিউশন বিষয়ক সুচিন্তিত মতামত প্রদান;
- প্রধান কার্যালয় ও সকল শাখার সাথে DC, Near DC, Far DC ও DRS এর সংযোগ স্থাপনকল্পে হাই স্পিড Network Connectivity (Internet ও Data) বিষয়ক সুচিন্তিত মতামত প্রদান;
- ব্যাংকের প্রয়োজনীয় বিভিন্ন কম্পিউটার, হার্ডওয়্যার, নেটওয়ার্ক এবং ব্যান্ডউইথের সঠিকতা যাচাইকরণ;
- ব্যাংকের সাইবার ঝুঁকি হ্রাসকল্পে উপযুক্ত সাইবার নিরাপত্তা পরিকল্পনা ও সার্বিক বাস্তবায়ন বিষয়ক মতামত প্রদান;
- ব্যাংকে ক্লাউড কম্পিউটিং সিস্টেমের সম্ভাবনা যাচাই;

- ❖ বাংলাদেশ ব্যাংকসহ মন্ত্রণালয় ও বিভিন্ন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক আইসিটি সিকিউরিটি গাইডলাইনস এর আলোকে বিভিন্ন পলিসি/সার্কুলার/নীতিমালা প্রণয়ন বিষয়ে সহযোগীতা ও সুচিন্তিত মতামত প্রদান;
- ❖ ব্যাংকের আইটি সিস্টেমকে বাংলাদেশ ব্যাংক, বিশ্ব ব্যাংক এবং কমার্শিয়াল অডিটের সুপারিশ এর সাথে পূর্ণ কমপ্লায়েন্ট করণের ব্যবস্থা গ্রহণার্থে সহযোগীতা ও সুচিন্তিত মতামত প্রদান ;
- ❖ যথার্থ বিজনেস কনটিনিউইটি প্লান (BCP) ও Disaster Recovery Plan(DRP) প্রণয়ন ও বাস্তবায়নে সহযোগীতা ও যথার্থ মতামত প্রদান;
- ❖ সরকারী নির্দেশনার আলোকে ব্যাংকের IT ক্ষেত্রে Key Performance Indicators (KPI) মতামত প্রদান করা;
- ❖ সরকারী নীতিমালার আলোকে ই-নথি, e-gp, a2i, ইনোভেশন ইত্যাদি সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে সহযোগীতা;
- ❖ ব্যাংকিং সিস্টেম যেমন জেনারেল ব্যাংকিং, লোন/এডভান্স, লোকাল এবং ফরেন রেমিটেন্স, ফরেন ট্রেডিং, আন্তঃ শাখা হিসাব সমন্বয় ও ট্রেজারী ইত্যাদি আধুনিকায়নে সহযোগীতা ও সুচিন্তিত মতামত প্রদান;
- ❖ প্রয়োজনবোধে নির্ধারিত অফিস সময়ের পরেও তাকে অফিসে অবস্থান করতে হবে এবং প্রয়োজনানুসারে তার বাসায় জরুরী নথিপত্র মতামতের জন্য প্রেরণ করা হবে;
- ❖ ব্যাংকে নিযুক্ত থাকাকালে তিনি ব্যাংক কর্তৃক সেবা বা পণ্য গ্রহণকারী কোন প্রতিষ্ঠানের উপদেষ্টা বা অন্য কোন পদে কর্মরত থাকতে পারবেন না;
- ❖ তাকে প্রয়োজনবোধে বিভিন্ন সভা, সেমিনারে ব্যাংকের প্রতিনিধিত্ব করতে হবে এবং ব্যাংকের চাহিদা অনুযায়ী তথ্যাদি ও পরামর্শ প্রদান করতে হবে ;
- ❖ ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত অপরাপর দায়িত্ব ;
- ❖ তিনি টেকনিক্যাল ও উন্নয়নমূলক কাজে সম্পৃক্ত থাকবেন এবং সংশ্লিষ্ট উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের মাধ্যমে নথি উপস্থাপন করবেন।

৪.০ আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ, দুই কপি সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের কপি এবং জীবন বৃত্তান্তসহ আবেদন উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ এই ঠিকানায় আগামী ২৫-০৬-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে পৌছাতে হবে। অসম্পূর্ণ বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন বিবেচনা করা হবে না। উল্লেখ্য, ইতোপূর্বে একই পদে আবেদনকারীগণের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

০৯.০৬.২০১৯
মোহাম্মদ সেলিম খান
সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)